দামুড়হুদার জয়রামপুর মাঠ থেকে কৃষকের লাশ উদ্ধার

দামুড়হুদা জয়রামপুর কুমারীদহের মাঠ থেকে শওকত আলী নামের একজন কৃষকের লাশ উদ্ধার করা হয়েছে। আজ মঙ্গলবার সকাল ৭ টার দিকে এ লাশ উদ্ধার করে দামুড়হুদা মডেল থানার পুলিশ। তিনি জয়রামপুর মল্লিক পাড়ার মৃত বাহাদুর আলীর ছেলে।

জানাগেছে, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর মল্লিক পাড়ার মৃত বাহাদুর আলীর ছেলে শওকত আলী (৫০) পারিবারিক কলহের জের ধরে বিষপান করে জয়রামপুর কুমারীদহ’র মাঠে মৃত অবস্থায় পড়ে ছিল। সকালে মাঠে কৃষি কাজ করতে গিয়ে একজন কৃষক মৃতের লাশ পড়ে থাকতে দেখে দামুড়হুদা মডেল থানায় সংবাদ দেয়। সংবাদ পেয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির, সেকেন্ড অফিসার এসআই আসাদুজ্জামান আসাদ ঘটনাস্থল পরিদর্শন করেন।

স্থানীয়রা বলেন, রাত ১২ টা থেকে সে নিখোজ ছিলো। অনেক খোঁজা খুঁজি করেও তাকে পাওয়া যাইনি। পরে সকাল সাড়ে ৬ টার দিকে লোক মারফত সংবাদ পাই সে বিষ খেয়ে আত্মহত্যা করেছে। লোকটি প্রচন্ড হট মেজাজী ছিলো। পরিবারের সাথে কোন রকম মনমালিন্য হলেই সে বিষ পান করতো। এর আগেও সে দুই দুইবার বিষ পান করেছিলো। কিন্তু এবার তৃতীয় বারে তার আর শেষ রক্ষা হলোনা।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আলমগীর কবীর ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, পরিবারের কারো কোন অভিযোগ নেই। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। ময়না তদন্ত শেষে লাশ পরিবারের নিকট হস্তান্তর করা হবে। এবিষয়ে একটি অপমৃত্যু মামলা রজু করা হয়েছে।